ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৯১২

আগরতলা, ১৮ সেপ্টেম্বর, ২০২৫

**বিশ্ব বাঁশ দিবস অনুষ্ঠানে শিল্পমন্ত্রী**

**রাজ্যের মহিলারা বাঁশ-বেত শিল্পের মাধ্যমে অর্থনৈতিক ভাবে আত্মনির্ভর হওয়ার সুযোগ পাচ্ছেন**

রাজ্যে বাঁশের প্রয়োজনীয়তা ক্রমশ বাড়ছে। বাঁশকে কেন্দ্র করেই রাজ্যের অর্থনৈতিক প্রবৃদ্ধির সম্ভাবনা রয়েছে। আজ প্রজ্ঞাভবনে বিশ্ব বাঁশ দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা একথা বলেন। ত্রিপুরা ব্যাম্বু মিশনের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য মন্ত্রী আরও বলেন, রাজ্যকে সার্বিক উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যেতে সকলকে এক জোট হয়ে কাজ করতে হবে। রাজ্যের মহিলারা বাঁশ-বেত শিল্পের মাধ্যমে অর্থনৈতিক ভাবে আত্মনির্ভর হওয়ার সুযোগ পাচ্ছেন। প্রধানমন্ত্রীর ভোকাল ফর লোকাল এই আহ্বানের উপর গুরুত্ব আরোপ করে রাজ্যকে অর্থনৈতিক ভাবে স্বনির্ভর করার লক্ষ্যে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান শিল্প ও বাণিজ্য মন্ত্রী।

অনুষ্ঠানে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বলেন, রাজ্যে বাঁশের গুরুত্ব অপরিসীম। আসবাবপত্র সহ বিভিন্ন কাজে বাঁশের ব্যবহার বাড়ছে। রাজ্যের বাঁশের তেরী বিভিন্ন পণ্য দেশের বিভিন্ন স্থানে প্রশংশিত হচ্ছে। বাঁশের মতো গুরুত্বপূর্ণ সম্পদকে কাজে লাগিয়ে রাজ্যের অর্থনৈতিক ব্যবস্থাকে উন্নত করা সম্ভব বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা বলেন, জনজাতি সম্প্রদায়ের মধ্যে বাঁশের বিভিন্ন সামগ্রী পূজাতেও কাজে লাগানো হয়। ধূপকাঠির শলা বর্হিরাজ্যে রপ্তানী করে অনেকে জীবিকা নির্বাহ করছেন। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন পিসিসিএফ প্রবীণ আগরওয়াল, ত্রিপুরা ব্যাম্বু মিশনের মিশন অধিকর্তা ড. শৈলেশ কুমার যাদব, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা ফনীভূষণ জমাতিয়া সহ অন্যান্য আধিকারিকগণ। অনুষ্ঠানে রাজ্যের কয়েকজন বাঁশ চাষি ও শিল্পীদের টুলকিট প্রদান করা হয়। এছাড়াও বাঁশ নিয়ে কাজ করেন এমন কয়েকজনকে অনুষ্ঠানে সংবর্ধনা দেওয়া হয়।

******